

নম্বর: ০৫.০০.০০০০.১২৩.০২.০৬২.২০-১০০৫

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৮
১৫ ডিসেম্বর ২০২১


পরিপত্র

বিষয়: “বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় কোনো সরকারি কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রদান নীতিমালা ২০২০ (সংশোধিত)” এর ধারা ৩(ছ)(iii) এর বিধান স্পষ্টীকরণ।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের ২৬ জুলাই ২০২০ তারিখের ০৫.০০.০০০০.১২৩.০২.০০৬.১৮-৬৫৩ সংখ্যক প্রজ্ঞাপনমূলে ‘বেসামরিক প্রশাসনে চাকরিরত অবস্থায় কোনো সরকারি কর্মচারীর মৃত্যুবরণ এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রদান নীতিমালা, ২০২০ (সংশোধিত)’ জারি করা হয়। উক্ত নীতিমালার ধারা ৩(ছ)(iii) এ বর্ণিত বিধানে কিছুটা অস্পষ্টতা থাকায় কোনো কোনো ক্ষেত্রে আবেদন নিষ্পত্তিতে অসুবিধা হচ্ছে বলে জানা যায়। এমতাবস্থায়, উক্ত নীতিমালার ধারা ৩(ছ)(iii) এর বিধানটি নিম্নরূপভাবে স্পষ্টীকরণ করা হলো:

(৩)(ছ)(iii): কোনো মৃত কর্মচারীর স্বামী/স্ত্রী জীবিত না থাকলে এবং তাদের নাবালক সন্তান থাকলে অভিভাবক নির্ধারণ সংক্রান্ত ‘পারিবারিক আদালত অর্ডিন্যান্স, ১৯৮৫’ প্রযোজ্য হবে;

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারিকৃত এ পরিপত্র অবিলম্বে কার্যকর হবে।



১৫-১২-২০২১

মোহাম্মদ রফিকুল করিম

উপসচিব

ফোন: ৯৫৪৯৬২১

ইমেইল:

adminwelf@mopa.gov.bd

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/প্রধানমন্ত্রীর মুখ্যসচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
- ২) সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩) অতিরিক্ত সচিব (প্রশাসন/এপিডি/সওব্য/বিধি/সিপিটি/শৃঙ্খলা ও তদন্ত/সওগ/বাবাকো/আইন), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৪) বিভাগীয় কমিশনার (সকল)।
- ৫) যুগ্মসচিব (সওক), জনপ্রশাসন মন্ত্রণালয়।
- ৬) জেলা প্রশাসক (সকল)।

- ৭) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (মাননীয় প্রতিমন্ত্রীর সদয় অবগতির জন্য)।
- ৮) সিনিয়র সচিবের একান্ত সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৯) সিনিয়র সিস্টেম এনালিস্ট, পিএসসি, জনপ্রশাসন মন্ত্রণালয়(পরিপত্রটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)
- ১০) চিফ একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার, জনপ্রশাসন মন্ত্রণালয়, ঢাকা।
- ১১) বিভাগীয় একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ১২) জেলা একাউন্টস্ এন্ড ফিন্যান্স অফিসার (সকল)।
- ১৩) অফিস কপি।